# নির্বাচিত বাংলা কথাসাহিত্যে প্রতিবন্ধী চরিত্র

## সারাংশ (Abstract)

পাশ্চাত্ত্যে প্রতিবন্ধকতা সংক্রান্ত পাঠে প্রতিবন্ধী মানুষদের ঐতিহাসিক-সামাজিক- অর্থনৈতিক-আইনী অনুশাসন-প্রেক্ষিতে অবস্থান সূচিত করে। বর্তমান গবেষণা সন্দর্ভের অভিমুখ উক্ত পরিসরে প্রতিবন্ধীদের অবস্থান নির্ণয় সাপেক্ষে তাদের ইন্দ্রিয়ানুভূতির আলোচনা নির্বাচিত বাংলা কথাসাহিত্য অবলম্বনে। গবেষণাকর্ম কয়েকটি অধ্যায়ে অগ্রসর হয়েছে। ভূমিকা: অক্ষমতা এবং প্রতিবন্ধকতার তারতম্যতা-সাপেক্ষে প্রতিবন্ধী সংজ্ঞানির্ণয়। প্রথম অধ্যায়: প্রতিবন্ধকতার স্বরূপ ও প্রকৃতি। দ্বিতীয় অধ্যায়: দেশ-বিদেশের মিথ-পুরাণ- মহাকাব্য এবং ধর্মে চিত্রিত প্রতিবন্ধী মানুষ। তৃতীয় অধ্যায়: প্রাক্-আধুনিক বাংলা কথাসাহিত্যে প্রতিবন্ধী চরিত্ররা। চতুর্থ অধ্যায়: ইংরেজ আগমনের পরবর্তী সময়কাল থেকে একবিংশ শতাব্দীর প্রথম দশক ব্যাপী সময়কালের ঘটনাবহুল সমাজে প্রতিবন্ধী চরিত্রদের অবস্থান। পঞ্চম অধ্যায়: খ্রীষ্টপূর্বাব্দে রঘুনন্দনের সময়কাল থেকে একবিংশ শতাব্দীর বিভিন্ন আইনের অনুশাসনে প্রতিবন্ধীদের অধিকার সুনিশ্চিতকরণ। ষষ্ঠ অধ্যায়: প্রতিবন্ধকতার প্রকৃতি অনুযায়ী উপঅধ্যায়ে বিন্যস্ত করে প্রতিবন্ধী-চরিত্র কেন্দ্রিক আলোচনা। সপ্তম অধ্যায়: শিশু-কিশোর সাহিত্য ধারায় প্রতিবন্ধী চরিত্ররা। অষ্টম অধ্যায়: কৌতূকরসাশ্রিত কথাসাহিত্যে প্রতিবন্ধী চরিত্রের বিশিষ্ট প্রয়োগ। নবম অধ্যায়: প্রতিবন্ধকতা ও ইন্দ্রিয়ানুভূতি। উপসংহার: গবেষণায় সিদ্ধান্তে উপনীত হতে প্রতিবন্ধকতা উত্তরণে সমাজের মূলস্রোতে প্রতিষ্ঠার বিশ্লেষণ।